

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

পঞ্চম শ্রেণি

বাংলা

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ২ × ৫ = ১০
- ১.১ ‘অবশেষে দীর্ঘ যাত্রা শেষে তারা ভগবানের প্রাসাদে পৌঁছল।’
— কাদের কথা বলা হয়েছে? তারা ভগবানের প্রাসাদে গিয়েছিল কেন?
- ১.২ ‘আমার যেন লাগল ভারী ভালো’
— কোন দৃশ্য কথকের ভারী ভালো লেগেছে?
- ১.৩ ‘লোকে বলে, মন্ত্র জানা চাই।’
— কীসের মন্ত্র। ‘মধু আনতে বাঘের মুখে’ রচনাংশে ‘মন্ত্র’ জানা লোকটির নাম কী?
- ১.৪ ‘মুকুট হয়ে ঝাঁক বেঁধেছে লক্ষ হীরার মাছ।’
— কী দেখে কবির এমন মনে হতো?
- ১.৫ ‘...কান্নায় ভেঙে পড়ল ছোট ফণীমনসা গাছ।’
— ছোট ফণীমনসা গাছ কান্নায় ভেঙে পড়ল কেন?
২. নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও :
- ২.১ নীচের বাক্যগুলিতে স্ত্রীলিঙ্গবাচক শব্দগুলিকে বদলে বাক্যগুলিকে পুনরায় লেখো : ১ × ৩ = ৩
- ২.১.১ গিন্মি-মায়ের আদেশে সকলে একসঙ্গে চলল।
- ২.১.২ তীর্থর দিদি কলেজের অধ্যাপিকা।
- ২.১.৩ পাঠিকাদের সমাগমে লেখিকা একে একে সব প্রশ্নের উত্তর দিলেন।
- ২.২ লিঙ্গ পরিবর্তন করো : (পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গ) ১ × ২ = ২
- ২.২.১ কবি
- ২.২.২ গুণবান

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।